

জাতীয়

## গুলিস্তানে এসি বিস্ফোরণে দক্ষদের দেখতে হাসপাতালে স্বাস্থ্যমন্ত্রী



প্রতিবেদক: Dhaka Probe

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ছবি: স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন।

রাজধানীর গুলিস্তানের আলু বাজার এলাকায় একটি সেলুনে এসি বিস্ফোরণে দক্ষদের দেখতে গিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী সরদার মো. সাখাওয়াত হোসেন। বুধবার (১৫ জুলাই) তাদের দেখতে রাজধানীর জাতীয় বার্ন অ্যান্ড প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটে যান তিনি।

পরিদর্শনকালে হাসপাতালটির পরিচালক অধ্যাপক ডা. মোহাম্মদ নাছির উদ্দীন নাছির, ইনস্টিটিউটের যুগ্ম পরিচালক ডা. ইকবাল আহমেদ, আবাসিক সার্জন ডা. শাওন বিন রহমান ও আহতদের স্বজনরা উপস্থিত ছিলেন।

জানা গেছে, গত ১৪ জুলাই দিবাগত রাত ১টার দিকে এ দুর্ঘটনা ঘটে। এতে ১০ জন অগ্নিদগ্ধ হন এবং ৩ জনের অবস্থা আশঙ্কাজনক। দক্ষরা হলেন- কাস্টমার মো. ফারুক (৩৫), রিংকু (৩০), রনি (৩৬), জসিম (৪০), রফিক (২৫), কারিগর সামশেদ (৩০), রাজু (৩৪), পাশু (২৬), সাকিব (১৭) ও আরমান (৩৭)। দক্ষদের মধ্যে মো. ফারুকের শরীরের ৫০ শতাংশ, রিংকু ২১ শতাংশ, রনি ১০ শতাংশ, জসিম ৮

শতাংশ, রফিক ১২ শতাংশ, কারিগর সামশেদ ১৫ শতাংশ, রাজু ১৮ শতাংশ, পাশু ১৮ শতাংশ , সাকিব ১ শতাংশ ও আরমান ১৫ শতাংশ দক্ষ হয়েছে।

এ সময় স্বাস্থ্যমন্ত্রী সাখাওয়াত হোসেন আহতদের খোঁজ খবর নেওয়ার পাশাপাশি এসি ব্যবহারে সচেতন হওয়ার তাগিদ দেন। সেইসঙ্গে তিনি যেকোনো ধরনের সহায়তার আশ্বাস দেন।

হাসপাতালটির পরিচালক অধ্যাপক ডা. নাছির উদ্দীন জানান, দক্ষদের মধ্যে তিনজনের স্বাস্থ্য পরীক্ষা পুড়ে গেছে এবং বাকিদের ১৫ শতাংশ পর্যন্ত দক্ষ হয়েছে।

## এ বিভাগের আরও খবর



শিশুদের শৈশব হতে হবে নিরাপদ ও সুরক্ষিত: ডা. জুবাইদা রহমান  
জিয়াউর রহমান ফাউন্ডেশনের ভাইস চেয়ারম্যান ডা. জুবাইদা রহমান বলেছেন, শিশুদের শৈশব হতে হবে নিরাপদ। তাদের ভবিষ্যৎ হতে হবে সুরক্ষিত। তবেই ন...



বাংলাদেশে গাড়ি উৎপাদন কারখানা স্থাপন করতে চায় টয়োটা  
টয়োটা ভূশো করপোরেশনের ভাইস চেয়ারম্যান ইচিরো কাশিতানির নেতৃত্বে একটি উচ্চপর্যায়ের প্রতিনিধিদল প্রধানমন্ত্রী তারেক রহমানের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ...



জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত হবে: স্বরাষ্ট্রমন্ত্রী  
জুলাই যোদ্ধাদের সুরক্ষা ও দায়মুক্তি সাংবিধানিকভাবে নিশ্চিত করা হবে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমেদ (৬ অক্টোবর) বিক...



ফ্যামিলি কার্ডে সমন্বয় হলে দারিদ্রমুক্ত হতে পারে সাড়ে ২৮ লাখ মানুষ: বিশ্বেশ্বর  
একাধিক বাদ্যভিত্তিক ভর্তুকি কর্মসূচি একীভূত করে ফ্যামিলি কার্ডের সঙ্গে বিদ্যমান নগদ সহায়তা কর্মসূচির আরও কার্যকর সমন্বয় করা গেলে অতিরিক্ত ২৮...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/national/gulistane-esi-bisforne-dgdhder-dekhte-haspatale-sbasthjmntri>